

* সকল বিদ্যালয় চেম্বার
* অধ্যয়ন, নিয়ন্ত্রণ ও পরিচালনা
* আফিসের, মাতি-পুলনা ও BNCC জরি
* সকল জামা স্ট্রিম * অধ্যয়ন IT জরি



১৯/১২/২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
সরকারি মাধ্যমিক শাখা
www.dshe.gov.bd
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৬.২৭.০০১.২০.১০৭

তারিখ: ৮ মাঘ ১৪২৭

২২ জানুয়ারি ২০২১

বিষয়: কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় জনস্বাস্থ্য ও স্বাস্থ্যবিধি মেনে শিক্ষা প্রতিষ্ঠান পুনরায় চালুকরণের লক্ষ্যে প্রাক প্রস্তুতি গ্রহণ।

সূত্র: ২১/০১/২১ তারিখ বিকাল ৪ টায় অনুষ্ঠিত ভারুয়াল সভার আলোচনা।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে দেশের সকল মাধ্যমিক, স্কুল ও কলেজ, উচ্চ মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক স্তরযুক্ত উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান এর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এখন আমাদের শিক্ষা প্রতিষ্ঠানসমূহ খুলে দেওয়ার প্রস্তুতি সম্পন্ন করতে হবে। আপনারা জানেন কোভিড-১৯ অতিমারী চলাকালীন সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হচ্ছে আমাদের শিক্ষার্থী-শিক্ষক-কর্মচারীদের স্বাস্থ্য সুরক্ষা। সেই লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে স্বাস্থ্যসম্মতভাবে প্রস্তুত করার জন্য একটি 'গাইড লাইন' তৈরি করা হয়েছে (সংযুক্ত)। সংশ্লিষ্ট সকলকে সাথে নিয়ে এ গাইড লাইন অনুযায়ী আগামী ০৪/০২/২০২১ তারিখের মধ্যে সকল শিক্ষা প্রতিষ্ঠানকে তাদের শিক্ষার্থী-শিক্ষক-কর্মচারীদের জন্য স্বাস্থ্য নিরাপত্তা নিশ্চিত করতে হবে যাতে উর্ধ্বতন কর্তৃপক্ষের আদেশ পাওয়া মাত্র প্রতিষ্ঠানগুলো খুলে দেওয়া যায়।

শুধু করোনাকালীন সমস্যা মোকাবিলা নয়, বরং 'মুজিব বর্ষ' উপলক্ষে আমাদেরকে এখনই সকল শিক্ষা প্রতিষ্ঠানকে স্থায়ীভাবে পরিষ্কার পরিচ্ছন্ন, স্বাস্থ্যসম্মত, নিরাপদ ও আনন্দময় প্রতিষ্ঠান হিসাবে গড়ে তোলার ব্যবস্থা নিতে হবে।

বিষয়টি অতীব জরুরি।

২২-১-২০২১

প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক
মহাপরিচালক

অধ্যক্ষ/প্রধান শিক্ষক (সকল) মাধ্যমিক, স্কুল ও কলেজ,
উচ্চ মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক স্তরযুক্ত উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৬.২৭.০০১.২০.১০৭/১(৯)

তারিখ: ৮ মাঘ ১৪২৭

২২ জানুয়ারি ২০২১

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) জেলা প্রশাসক (সকল)।